

পশ্চিম বঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
কৃষ্ণনগর -১ সমষ্টি উন্নয়ন
রোড স্টেশন, কৃষ্ণনগর, নদীয়া

আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

তারিখ : ১২/০৫/২০২২

পত্রাঙ্ক : 1305/kgr-I

Additional Mission Director, NHM & Jt. Secretary, H&FW Dept., Govt. of West Bengal এর 31.03.2022 তারিখের পত্র নম্বর HFW-27011/375/2018-NHM SEC-Dept. of H&FW/Pt-I/1113 এর আদেশনামা অনুযায়ী নদীয়া জেলার অন্তর্গত কৃষ্ণনগর -১ ব্লকের পোড়াগাছা, দোগাছি, ভাতজাংলা, ভাণ্ডারখোলা, ভালুকা গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রাম সংসদের ০৭ (সাত) জন "আশা কর্মী" নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রাম সংসদ এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানের (সরণী - ১ দ্রষ্টব্য) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শূন্য পদের বিবরণ					
ব্লক	গ্রাম পঞ্চায়েত	উপস্বাস্থ্য কেন্দ্র	শূন্য পদ	যে গ্রামের (সেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে	সংরক্ষণের বিবরণ
কৃষ্ণনগর -১	পোড়াগাছা	গোবরাপোতা	০১	সন্ধ্যা মাঠপাড়া	SC
	দোগাছি	গোয়ালদহ	০১	বৈকুণ্ঠ সড়ক সরকার পাড়া	SC
	দোগাছি	গোয়ালদহ	০১	নতুনগ্রাম, বাগানপাড়া	UR
	দোগাছি	দোগাছি	০১	জালালখালি সর্দারপাড়া, স্কুলপাড়া, মোদকপাড়া	ST
	ভাতজাংলা	নতুন কালিপুর	০১	সুভাষনগর দাসপাড়া	SC
	ভাণ্ডারখোলা	ভাণ্ডারখোলা	০১	ভাণ্ডারখোলা মুসলিম পাড়া	UR
	ভালুকা	ভালুকা	০১	ভালুকা শিবঘাটপাড়া	SC

শর্তাবলী

- কেবল মাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন।
- আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের (সেবা এলাকা /Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমান স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC ও রেশন কার্ডের প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।
- সাধারণ প্রার্থীর বয়স ১২.০৫. ২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩১ তারিখের ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় এপেয়ার্ড (Appeared) হতে হবে। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জন্য কোন মূল্যায়ন বা বিবেচনার সুবিধে থাকবে না।
- উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড - ১ এবং গ্রেড - ২ স্বনির্ভর গোল্ডার সদস্য, প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনার সুবিধা থাকবে।
- সাব সেন্টার সন্নিহিত পরিষেবা এলাকার ২০১১ সালের আর্থ সামাজিক বর্ণ শুমারি প্রক্ষেপণ করে তপশিলি জাতি / উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের ক্ষেত্রে বিবেচিত হবেন।
- আবেদনের সঙ্গে নিম্নলিখিত প্রমান পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে। প্রযোজ্য প্রমাণ পত্র গুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদন পত্রটি গ্রাহ্য হবে না।

- ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড / সার্টিফিকেট।
- খ. মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার মার্ক শিট।
- গ. এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড।
- ঘ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতি গত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- ঙ. প্রার্থীর স্বাক্ষর সহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো।
- চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড - ১ এবং গ্রেড - ২ স্বনির্ভর গোষ্ঠীর ভুক্ত সদস্য / প্রশিক্ষণ প্রাপ্ত দাই / লিঙ্ক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে)।
- ছ. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র।
- জ. বিবাহিতা / বিধবা প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র।

নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই জমাকৃত প্রমাণ পত্রের আসল দেখাতে হবে।

৮. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ, সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে।
৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ - উপরোধ গ্রাহ্য নয়।
১০. আবেদনপত্র জমা দেওয়ার স্থান কৃষ্ণনগর -১ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ, রোড স্টেশন, কৃষ্ণনগর, নদীয়া
(বি ডি ও অফিস)
১১. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ০২-০৬-২০২২ বিকেল ৩ টা পর্যন্ত (শনিবার, রবিবার ও সরকারী ছুটির দিন ব্যতিত)



সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -১ উন্নয়ন আধিকারিকের করণ
কৃষ্ণনগর, নদীয়া

তারিখ: ১২/০৫/২০২২

পত্রাঙ্ক: 1305/1(16)/kgr-I

অবগতি এবং ব্যপক প্রচারের জন্য প্রতিলিপিটি প্রেরিত হল -

১. মাননীয় জেলাশাসক, নদীয়া
২. মাননীয় অতিরিক্ত জেলা শাসক (সাধারণ), নদীয়া
৩. মাননীয় মহকুমা শাসক, সদর, কৃষ্ণনগর, নদীয়া
৪. মাননীয় ডি. পি. এইচ. এন., ও, নদীয়া
৫. মাননীয় ডি. পি. ও., (আই.সি.ডি.এস.), নদীয়া
৬. মাননীয় সভাপতি, কৃষ্ণনগর- ১ পঞ্চায়েত সমিতি, নদীয়া
৭. মাননীয় কর্মাধ্যক্ষ, জন স্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, কৃষ্ণনগর- ১ পঞ্চায়েত সমিতি, নদীয়া।
৮. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, কৃষ্ণনগর- ১ ব্লক, বিষ্ণুপুর, নদীয়া
৯. মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কৃষ্ণনগর- ১ ব্লক, নদীয়া
- ১০-১৪. মাননীয় প্রধান, পোড়াগাছা, দোগাছি, ভাতজাংলা, ভান্ডারখোলা, ভালুকা গ্রাম পঞ্চায়েত।
১৫. মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধ করা হচ্ছে।
১৬. সম্পাদক, আনন্দ বাজার পত্রিকা, নদীয়া পাতা।



সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -১ উন্নয়ন আধিকারিকের করণ
কৃষ্ণনগর, নদীয়া

Block Dev. Officer
Krishnagar-I, Nadia